পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ)
www.pksf-bd.org

# পিকেএসএফ-এর ইনোভেশন টিমে সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: এ.কে.এম নুরুজ্জামান
সভার তারিখ: ১৯ ফেব্রুয়ারি,২০১৮
সময়: বিকাল ২.০ ঘটিকা
সভার স্থান: সভাকক্ষ ( কক্ষ নম্বর- ৫০১), পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭
সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট-"ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভাপতি সভাকে জানান যে বিগত ১২/০২/২০১৮ তারিখে উদ্ভাবন বিষয়ক সোকেসিং কর্মশালায় বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর, পরিদপ্তর এবং বিভিন্ন বেসরকারী, আধাসরকারী এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর অংশগ্রহণে নিজ নিজ প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সেবার সোকেসিং করা হয়। উক্ত আয়োজনে পিকেএসএফ এর পক্ষ হতে প্রতিবন্ধী বান্ধব ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মসূচীর ধারণা উপস্থাপন করা হয়। পিকেএসএফ উপস্থাপিত এই কর্মসূচী উপস্থিত অংশগ্রহণকারীদের মধ্যে আগ্রহের সৃষ্টি করে এবং প্রশংসিত হয়। উল্লেখ্য যে, পিকেএসএফ- এর পক্ষ হতে বর্ণিত কর্মশালায় ইনোভেশন টিম লিডার জনাব এ.কে.এম নুরুজ্জামান, উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও সদস্য জনাব জিতেন্দ্র কুমার রায়, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) অংশগ্রহণ করেন। সভাপতি সভায় আরো জানান যে, ১৯.০২.১৮ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন আর্থিক প্রতিষ্ঠান/সংস্থার নাগরিক সেবায় উদ্ভবনী কর্মকাণ্ডের অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় (৩য় পর্ব) সভায় পিকেএসএফ এর পক্ষ হতে জনাব গোলাম তৌহিদ, উপ-ব্যবস্থাপনা পরিচালক(অর্থ) অংশগ্রহণ করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয় ঃ

| ক্রম. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/আলোচনা |
|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী | - বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সকলের উপস্থিতিতে সর্ব সম্মতিক্রমে তা পঠন ও অনুমোদন করা হয়। |
| ২. | নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে ইতোপূর্বে অনুষ্ঠিত ৫ দিন ব্যাপী প্রশিক্ষণের আলোকে উপস্থাপিত প্রতিবেদন পরিমার্জন প্রসঙ্গে। | - সভায় 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে ইতোপূর্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ পরবর্তী উপস্থাপিত প্রতিবেদন পরিমার্জন করে পুনরায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিষয়টি তদারকি করার জন্য জনাব এ.কে.এম নুরুজ্জামান, উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) কে দায়িত্ব প্রদান করা হয়। উল্লেখ্য যে, প্রয়োজনে পিকেএসএফ এর Bangladesh Electronic Fund Transfer Network (BEFTN), প্রবীণ কেন্দ্র, ভ্রাম্যমান প্রশিক্ষণ, Virtual Training ইত্যাদি ইনোভেশন কার্যক্রমগুলো পরিমার্জন করে সন্নিবেশন করা যেতে পারে। |
| ৩. | ২০১৭-১৮ সালের 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি | - সভায় 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে ২০১৭-১৮ সালের কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে আলোচনা হয়। আলোচনা শেষে অসম্পূর্ণ কাজ যেমন- ওয়েব সাইটে 'উদ্ভাবন বিষয়ক কর্নার এ মন্ত্রণালয় প্রদত্ত উদ্ভাবন বিষয়ক ফরমেট তথ্যসমেত সংযোজন করা এবং পিকেএসএফ এর উদ্ভাবন বিষয়ক ধারণা জাতীয় বাতায়নে সংযুক্ত হওয়ার জন্য করণীয় বিষয়ে পর্যায়ক্রমে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জনাব মোঃ তারিকুল আলম, সদস্য সচিব, ইনোভেশন টীম কে দায়িত্ব প্রদান করা হয়। |
| ৪. | নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক 'বার্ষিক প্রতিবেদন' এর অগ্রগতি। | - সভায় মে,২০১৮ মাসের মধ্যে পিকেএসএফ এর ইনোভেশন সংক্রান্ত ২০১৭-১৮ সালের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত সংশ্লিষ্ট কাজ সম্পাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

পিকেএসএফ ভবন, ই৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোনঃ ৮৮০-২-৯১২৬২৪০, ফ্যাক্সঃ ৮৮০-২-৯১৩৪৪৩১, ৯১২৬২৪৪, ই-মেইল : pksf@pksf-bd.org

| ক্রম. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/আলোচনা |
|---|---|---|
| ৫. | `Skill Learning Platform' করা প্রসঙ্গে। | - সভায় পিকেএসএফ এর কর্মকর্তাদের অংশগ্রহণে একটি `Skill Learning Platform' করার বিষয়ে আলোচনা হয় এবং এ সংক্রান্ত করণীয় বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য জনাব মোঃ তারিকুল আলম, সদস্য সচিব, ইনোভেশন টীম কে দায়িত্ব প্রদান করা হয়। বর্ণিত প্লাটফরম-এর আওতায় দলীয় সদস্যরা প্রত্যেকে নিজ নিজ স্কিল শেয়ার করলে সামগ্রিকভাবে দলের প্রত্যেক সদস্য একত্রে অনেক স্কিল অর্জনের সুযোগ পাবেন। |
| ৬. | জুন'১৮ এর মধ্যে ০২(দুই) দিনের দু'টি প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে। | - সভায় আলোচনা শেষে জুন'১৮ এর মধ্যে ০২(দুই) দিনের একটি প্রশিক্ষণ আয়োজন করার আলোচনা করা হয়। এছাড়া মন্ত্রণালয় কর্তৃক অয়োজিত 'Mentoring Training' এ পিকেএসএফ হতে উদ্ভাবন টিমের সদস্যগণের পর্যায়ক্রমে অংশগ্রহণ করার বিষয়ে ব্যবস্থাপনার অনুমোদন নেয়ার বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। |
| ৭. | পিকেএসএফ এ নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক একটি আইডিয়া ব্যাংক স্থাপন প্রসঙ্গে। | - সভায় নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক একটি আইডিয়া ব্যাংক স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয় এবং এ সংক্রান্ত করণীয় বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য জনাব সেলিনা শরীফ, সহকারী মহাব্যবস্থাপক (জনবল), সদস্য, ইনোভেশন টীম কে দায়িত্ব প্রদান করা যেতে পারে। এতে করে পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যের বাইরেও অন্যান্য কর্মকর্তাগণ ইনোভেশন আইডিয়া প্রদানের সুযোগ পাবেন। এলক্ষ্যে একটি সাধারণ ইনোভেশন ফরম্যাট প্রণয়ন করে কর্মকর্তাদের সরবরাহ করা হবে। |
| ৮. | নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে অবদানের জন্য পুরস্কার প্রদান প্রসঙ্গে। | - কর্মকর্তাদের উৎসাহিত করতে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে অবদানের জন্য পুরস্কার হিসেবে নগদ অর্থ প্রদানের পরিবর্তে 'বই' পুরস্কার দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে করনীয় নির্ধারণের জন্য জনাব সেলিনা শরীফ, সহকারী মহাব্যবস্থাপক (জনবল), সদস্য, ইনোভেশন টীম কে দায়িত্ব প্রদান করা যেতে পারে। |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সুপারিশসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সকল সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়। প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবস্থাপনার অনুমোদনের জন্য নথি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(এ.কে.এমানুরুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)
ও
ইনোভেশন অফিসার

অনুলিপি ঃ (সদয় জ্ঞাতার্থে)

১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
২। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)

বিতরণ ঃ

১। ইনোভেশন টিম সদস্য (সকল)
২। সংশ্লিষ্ট নথি।

# পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পরিশিষ্ট - 'ক'

তারিখ : ১৯ ফেব্রুয়ারি,২০১৮

**পিকেএসএফ এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায়**
**অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও স্বাক্ষর:**

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | এ.কে.এম নুরুজ্জামান | উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও ইনোভেশন অফিসার | ১৯/২/১৮ | |
| ২. | জনাব জিতেন্দ্র কুমার রায় | সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও সদস্য, ইনোভেশন টীম | ১৯/০২/১৮ | |
| ৩. | জনাব সেলিনা শরীফ | সহকারী মহাব্যবস্থাপক (জনবল) ও সদস্য, ইনোভেশন টীম | Selina Sharif ১৯/২/১৮ | |
| ৪. | জনাব মোঃ আশরাফুল হক | সহকারী মহাব্যবস্থাপক (জনবল) ও সদস্য, ইনোভেশন টীম | ১৯/০২/১৮ | |
| ৫. | জনাব মোঃ তারিকুল আলম | ব্যবস্থাপক (আইটি) ও সদস্য সচিব, ইনোভেশন টীম | ১৯/২/১৮ | |

**পিকেএসএফ ভবন,** ই৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোনঃ ৮৮০-২-৯১২৬২৪০, ফ্যাক্সঃ ৮৮০-২-৯১৩৪৪৩১, ৯১২৬২৪৪, ই-মেইল : pksf@pksf-bd.org